# মার্চ/২০১৮ মাসের উপজেলা আইন শৃংখলা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি ঃ সুরাইয়া খান
উপজেলা নির্বাহী অফিসার
আড়াইহাজার, নারায়ণগঞ্জ।

তারিখ ঃ ১২-০৩-২০১৮ খ্রিঃ ।
সময় ঃ বেলা- ১১:০০ ঘটিকা
স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। উপজেলা আইন-শৃংখলা কমিটির মূখ্য উপদেষ্টা ও নারায়ণগঞ্জ-২ আসনের মাননীয় সংসদ সদস্য আলহাজ্ব নজরুল ইসলাম বাবু এবং আলহাজ্ব মোঃ শাহজালাল মিয়া, চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা, উপজেলা আইন শৃংখলা কমিটি আড়াইহাজার, নারায়ণগঞ্জ সভায় উপস্থিত ছিলেন।

আলোচ্য সূচী -০১ ঃ বিগত সভার কার্যবিবরণী অনুমোদন

বিগত সভার কার্যবিবরণী উপজেলা আইন শৃংখলা কমিটির সভায় উপস্থাপন করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় ।

আলোচ্য সূচী -০২ ঃ গত সভার সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা

উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি উপজেলা আইন শৃংখলা কমিটি, আড়াইহাজার, নারায়ণগঞ্জ কর্তৃক সভাকে অবহিত করা হয় যে, অটোরিক্সা, নসিমন ও করিমন পরিবহনের সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে এবং জরুরী ভিত্তিতে এসব পরিবহনের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন মর্মে সভাকে অবহিত করা হয়। সভায় নসিমন করিমন পরিবহনকে আড়াইহাজার বাজারে ঢুকতে না দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইন চার্জ, আড়াইহাজযা থানাকে অনুরোধ করা হয় ।

চেয়ারম্যান, সাতগ্রাম ইউপি সভাকে জানান, সাতগ্রামে মাদক সেবনকারীর সংখ্যা দিন দিন বেড়ে যাচ্ছে। তিনি জানান মাদক ব্যবসায়ী মোঃ জয়নাল, পিতা-আয়েব আলী সাং- সাতগ্রাম কে ধরতে পারলে উক্ত ইউনিয়নে মাদকের ব্যবসা অনেকটা কমে যাবে এবং মাদক সেবনকারীর সংখ্যাও কমে যাবে । তিনি আরো জানান, ছনপাড়া হাইওয়ে রাস্তায় প্রতি সপ্তাহে ডাকাতি হচ্ছে মর্মে এলাকার সাধারণ জনগণ তাকে অবহিত করে। চেয়ারম্যান সাতগ্রাম ইউ পি ছনপাড়া হাইওয়ের ডাকাতি বন্ধের লক্ষ্যে উক্ত স্থানে রাত্রিকালিন পুলিশ মোতায়েন করার জন্য অফিসার ইনচার্জ, আড়াইহাজার থানাকে অনুরোধ করেন।

চেয়ারম্যান, মাহমুদপুর ইউপি সভাকে অবহিত করেন, মাহমুদপুর ইউনিয়নে বাল্যবিবাহের বিষয়ে তার কোন বক্তব্য নেই এবং মাহমুদপুর ইউনিয়নে যাতে বাল্যবিবাহ সংঘটিত না হয় সে বিষয়ে তার দৃষ্টি রয়েছে।

জনাব হারাধন চন্দ্র দে, সভাপতি, আড়াইহাজার প্রেস ক্লাব সভাকে জানান যে, আড়াইহাজার বাজারে গাইড বই বিক্রেতাগণ বিভিন্ন পলিসি করে গাইড বইয়ের ব্যবসা করে থাকে। তারা আড়াইহাজার শিক্ষক সমিতির সাথে যোগাযোগ করে গাইড বই বিক্রি করে থাকে এবং তাদের সাথে বাৎসরিক লেনদেন করে থাকে। তিনি বলেন বাজারের যে কোন একটি লাইব্রেরী /বই বিক্রির দোকান গাইড বই বিক্রির এজেন্ট হিসেবে ব্যবসা করে থাকে এবং আড়াইহাজার বাজারে তেমনি একটি গাইড বই বিক্রয়কারী দোকান জিনিয়াস লাইব্রেরী গাইড বই বিক্রি / ব্যবসার এজেন্ট হিসেবে কাজ করে আসছে। তারা গাইড বইয়ের প্রথম ০২টি পাতা পরিবর্তন করে গাইড বইয়ের মূল্য বৃদ্ধি করে ব্যবসা করে যাচ্ছে। তিনি সভাকে

আরো জানান, দেশে ডাকাতি ও মাদক সেবনকারীর সংখ্যা দিন দিন বেড়ে যাচ্ছে। চুরি / ডাকাতি বন্ধ করার লক্ষ্যে বিভিন্ন স্থানে পুলিশ টহল বৃদ্ধি ও মাদক ব্যবসা বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইন চার্জ, আড়াইহাজার থানাকে অনুরোধ করেন।

অফিসার ইনচার্জ, আড়াইহাজার থানা সভাকে জানান, আড়াইহাজারে চুরি ও ডাকাতি অনেকটা কমে গিয়েছে। আড়াইহাজার থানায় পুলিশের স্বল্পতা রয়েছে। হাইওয়েতে পুলিশের টহল অব্যাহত রয়েছে। মাদক, জুয়া ও জঙ্গিবাদের সাথে জড়িত কাউকে ছাড় দেওয়া হবে না। এদেরকে আইনের আওতায় আনার কার্যক্রম অব্যাহত আছে। এ বিষয়ে সকল মেয়র/ইউপি চেয়ারম্যান ও গণ্যমান্য ব্যক্তিদের সহযোগিতা কামনা করেন। অফিসার ইনচার্জ, আড়াইহাজার থানা ফেব্রুয়ারী/১৮ মাসের অত্র উপজেলার আইন শৃংখলা সংক্রান্ত তথ্যাদি নিম্নোক্তভাবে উপস্থাপন করেন ঃ-

২.১ জেলা /বিভাগে সংঘটিত **গুরুত্বপূণ** ও চাঞ্চল্যকর ঘটনার সংক্ষিপ্ত বিবরণ এবং বর্তমান অবস্থা ঃ নাই

২.২ জেলা /বিভাগে সংঘটিত জঘন্য অপরাধের হ্রাস-বৃদ্ধির প্রবণতা (সারণি-ক) ঃ

| পক্ষ | খুন | ধর্ষণ | ডাকাতি/ দস্যুতা | অগ্নিসংযোগ | অপহরণ | এসিড নিক্ষেপ | নারী ও শিশু নির্যাতন | আইন-শৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ (দ্রুত বিচার) | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| বিবেচ্য পক্ষ | -- | | - | - | - | - | ০১ | - | ০১ |
| বিগত পক্ষ | | ০১ | | | | | | | ০১ |
| তুলনামূলক হ্রাস বৃদ্ধি | | | | | | | | | |

২.৩ তালিকাভূক্ত আসামী/সন্ত্রাসী গ্রেফতারের বিবরণ (সারণি-খ) ঃ

| গ্রফতারকৃত তালিকাভূক্ত আসামী/সন্ত্রাসীর সংখ্যা | গ্রেফতারকৃত তালিকাভূক্ত আসামী/সন্ত্রাসীর নাম ও পরিচয় | মামলার নম্বর ও ধারা |
|---|---|---|
| - | - | - |

২.৪ (ক) ফাঁসি ও যাবজ্জীবন কারাদন্ড প্রদান সংক্রান্ত মামলার সংক্ষিপ্ত তথ্য ঃ নাই

(খ) ফাঁসি কার্যকর সংক্রান্ত সংক্ষিপ্ত বিবরণ ঃ নাই

৩. সীমান্ত পরিস্থিতি ঃ

৩.১ সীমান্ত এলাকায় সংঘটিত উল্লেখযোগ্য ঘটনা ঃ নাই

৩.২ মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্ত তথ্য (সারণি-গ)ঃ

| মাসের নাম | মোবাইল কোর্ট পরিচালনার সংখ্যা | মামলার সংখ্যা | মামলার রায় | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | শাস্তি | | | |
| | | | কারাদন্ড | জরিমানা | অব্যাহতি | মন্তব্য |
| মার্চ/১৮ | ০১ | ০২ | - | ৮০০০/- | - | - |

৩.৩ চোরাচালান প্রবণতাএবং মালামাল আটক/ নিস্পত্তি সংক্রান্ত বিবরণী ( সারণি-ঘ)ঃ

| পক্ষ | আটককৃত উলেখযোগ্য মালামালের বিবরণ | আটককৃত মালামালের আনুমানিক মূল্য | মন্তব্য |
|---|---|---|---|
| বিবেচ্য পক্ষ | ১২৪ পিচ ইয়াবা ট্যাবঃ , ৪৫০ গ্রাম গাজা | ৪১,৭০০/-(একচল্লিশ হাজার সাতশত) টাকা। | -- |
| গত পক্ষ | ০৪(চার) পিচ স্বর্ণের বার | ১৭,৪০,০০০/-(সতের লক্ষ চল্লিশ হাজার)টাকা | -- |

৩.৪ চোরাচালান নিরোধ কার্যক্রমে জেলা টাস্ক ফোর্সের কার্যক্রম (সারণি-ঙ)ঃ

| পক্ষ | জেলা ট্রাস্কফোর্স কর্তৃক পরিচালিত অভিযানের সংখ্যা | জেলা ট্রাস্কফোর্স কর্তৃক উদ্ধারকৃত মালামালের মূল্য | মন্তব্য |
|---|---|---|---|
| বিবেচ্য পক্ষ | -- | -- | -- |
| গত পক্ষ | -- | -- | -- |

৩.৫ বড় ধরনের সড়ক, রেল ও নৌ-দুর্ঘটনার বিবরণ ঃ নাই

৩.৬ অগ্নি-দুর্ঘটনার বিবরণ ঃ নাই

৩.৭ অন্যান্য দুর্ঘটনার বিবরণঃ নাই

৩.৮ আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে সমস্যা, গৃহীত উল্লেখযোগ্য কার্যক্রম এবং সুপারিশ ঃ স্বাভাবিক

৪। মাদক বিরোধী অভিযান পরিচালনা সংক্রান্ত তথ্য (সারণি-চ) ঃ

| পক্ষ | মাদকবিরোধী অভিযানের সংখ্যা | কারাদন্ড/ উদ্ধারকৃত উল্লেখযোগ্য মাদকদ্রব্যের বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|
| বিবেচ্য পক্ষ | ৩১০ | (১) ১২৪ পিচ ইয়াবা ট্যাবঃ , ৪৫০ গ্রাম গাজা | ০৮(আট)টি মামলা |
| গত পক্ষ | ৩০০ | (১) ৪৫৬ পিছ ইয়াবা টেবলেট, ১কেজি ৩৫০ গ্রাম গাজা ও ০৪(চার)টি স্বর্ণের বার | ১৭(সতের)টি মামলা |

পরিশেষে সভাপতি কর্তৃক ভবিষ্যৎ প্রজন্মকে মানসম্মত শিক্ষা প্রদানের নিমিত্তে সকলে একযোগে কাজ করার আহ্বান জানানো হয় এবং সভায় নোট বুক ব্যবসায়ীদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হয় । আড়াইহাজার উপজেলায় কিছু কিছু এলাকায় ওয়াজ মাহফিল অনুষ্ঠিত হচ্ছে। ওয়াজ মাহফিলে যেন কোরআন হাদিসের আলোকে সন্ত্রাস, জঙ্গিবাদ ও মাদকের কুফলের বিষয়ে আলোচনা করা হয় এবং এ বিষয়ে দৃষ্টি রাখার জন্য সকল পৌর মেয়র/ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। যানজট নিরসনে আড়াইহাজার পৌর এলাকা , বাজার ও হাইওয়েতে নসিমন /করিমন যাতে না আসতে পারে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, আড়াইহাজার থানাকে পরামর্শ প্রদান করা হয়। অফিসার ইনচার্জ জানান, মাদক ব্যবহারকারী ও মাদক ব্যবসায়ীদের ধরার বিষয়ে আইন শৃংখলা বাহিনী বিশেষ তৎপর রয়েছে। মাদক, ইভটিজিং ও জঙ্গিবাদ প্রতিরোধের বিষয়ে জেলা আইন শৃংখলা কমিটির নির্দেশনা রয়েছে। উপজেলায় কোন জঙ্গিবাদ, সন্ত্রাস ও নাশকতা কার্যক্রমের আশংকার সাথে সাথে উপজেলা নির্বাহী অফিসার ও অফিসার ইনচার্জ, আড়াইহাজার থানাকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। সভাপতি কর্তৃক বিপুল উৎসাহ উদ্দিপনা ও যথাযোগ্য মর্যাদায় সুষ্ঠুভাবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৮তম জম্ম বার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০১৮ এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০১৮ পালনের জন্য সভাকে আহবান জানানো হয়। এছাড়া আসন্ন এইচএসসি/আলিম পরীক্ষা আগামী ০২/০৪/২০১৮খ্রিঃ তারিখ হতে আড়াইহাজার উপজেলায় ০৫টি কেন্দ্রে অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষা যাতে নকলমুক্ত ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সভার পক্ষ হতে সর্বস্তরের জনগণকে আহবান করা হয়।

সিদ্ধান্ত ঃ

০১। আড়াইহাজার বাজারের গাইড বই বিক্রয়কারী লাইব্রেরীর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের নিমিত্তে নিয়মিত তদারকীর জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা /উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও অফিসার ইনচার্জ, আড়াইহাজার থানাকে অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয় ।

০২। আড়াইহাজার বাজার,পৌর এলাকা ও হাইওয়েতে নসিমন/করিমনের যাতায়াত বন্ধে সর্বাত্নক চেষ্টা অব্যাহত রাখার জন্য অফিসার ইনচার্জ, আড়াইহাজার থানা ও মেয়র আড়াইহাজার পৌরসভাকে অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয় ।

০৩। সাতগ্রাম ইউনিয়নের মাদক ব্যবসায়ী মোঃ জয়নাল, পিতা-আয়েব আলী সাং- সাতগ্রামকে ধরার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইন চার্জ আড়াইহাজার থানাকে অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয় ।

০৪। প্রতি জুমার নামাজে খুদবার পূর্বে কোরআন হাদীছের আলোকে বাল্য বিবাহ, মাদক ও জঙ্গিবাদ বিষয়ক বক্তব্য স্থানীয় মসজিদে উপস্থিত থেকে নিশ্চিত করার জন্য সকল মেয়র/ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৫। আসন্ন এইচএসসি/আলিম পরীক্ষা উপলক্ষে সর্বস্তরের জনগণের সম্পৃক্ততায় সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানের নিমিত্তে সকলের সহায়তা কামনা করা হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

( সুরাইয়া খান )
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন শৃংখলা কমিটি
আড়াইহাজার, নারায়ণগঞ্জ।

স্মারক নং-০৫.৪১.৬৭০২.০০০.১২.০০২.১৬- /১(৩৫) তারিখঃ ১২/০৩/২০১৮ খ্রিঃ।

সদয় জ্ঞাতার্থে ঃ

১। মাননীয় সংসদ সদস্য-২০৫, নারায়ণগঞ্জ-২।
২। জেলা ম্যাজিস্ট্রেট, নারায়ণগঞ্জ।
৩। পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।
৪। চেয়ারম্যান ,উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
৫। ভাইস চেয়ারম্যান / মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
৬। মেয়র, আড়াইহাজার / গোপালদী পৌরসভা, আড়াইহাজার ,নারায়ণগঞ্জ।
৭। চেয়ারম্যান ..............................ইউনিয়ন পরিষদ (সকল), আড়াইহাজার।
৮। অফিসার ইনচার্জ, আড়াইহাজার থানা ।
৯। উপজেলা ..............................................কর্মকর্তা, আড়াইহাজার (সকল)।
১০। জনাব ..............................................................................।

( সুরাইয়া খান )
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন শৃংখলা কমিটি
আড়াইহাজার, নারায়ণগঞ্জ।